

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়

নিম/শা-১১/বিবিধ-৪/২০০৩/১১৯

তারিখ : ০৫/০২/২০০৩

পরিপত্র

সরকারী বেসরকারী সকল শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব জায়গায় অবস্থিত ঝড়ে পড়া বা কোন কারণে পুরনো গাছ কাটার প্রয়োজন হলে, সে গাছ কাটা ও নিলামে বিক্রয় করার লক্ষ্যে জেলা (মেট্রোপলিটন এলাকাসহ) ও উপজেলা পর্যায়ে নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে কমিটি গঠন করা হলো :

(ক) জেলা পর্যায়ের কমিটি (মেট্রোপলিটন ও এলাকাসহ) :

- |   |              |
|---|--------------|
| ১) জেলা প্রশাসক   | : সভাপতি     |
| ২) নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর | : সদস্য      |
| ৩) বিভাগীয় বন কর্মকর্তা/তাঁর প্রতিনিধি                       | : সদস্য      |
| ৪) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান                       | : সদস্য-সচিব |

(খ) উপজেলা পর্যায়ের কমিটি :

- |  |              |
|--|--------------|
| ১) উপজেলা নির্বাহী অফিসার                  | : সভাপতি     |
| ২) সহকারী প্রকৌশলী শিক্ষা প্রকৌশল অধিদপ্তর | : সদস্য      |
| ৩) বিভাগীয় বন কর্মকর্তার প্রতিনিধি        | : সদস্য      |
| ৪) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান    | : সদস্য-সচিব |

২। কমিটি নিম্নোক্ত কার্য সম্পাদন করবে :

ক) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের আবেদনের প্রেক্ষিতে সভাপতি সভা আহ্বান করবেন ও গাছ কাটার প্রয়োজনীয়তা যাচাই পূর্বক গাছ কাটার সিদ্ধান্ত নিবেন।

খ) শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সংশ্লিষ্ট প্রকৌশলী ও বন বিভাগের কর্মকর্তার মূল্যায়ন প্রতিবেদন সংগ্রহ করতঃ গাছ পরিমাপ পূর্বক গাছের বাজার মূল্য নির্ধারণ করবেন এবং গাছ বিক্রির সিডিউল তৈরী করবেন।

গ) প্রকাশ্য নিলামে বা টেন্ডারের মাধ্যমে গাছ বিক্রি করবেন।

ঘ) বিক্রয়লব্ধ টাকা সরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে সরকারের নির্ধারিত তহবিলে জমা প্রদান করবেন ও বেসরকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানের একাউন্টে (তহবিলে) জমা প্রদান করবেন।

ঙ) গাছ কাটা সংক্রান্ত একটি প্রতিবেদন প্রযোজ্য ক্ষেত্রে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/মহাপরিচালক, কাগিরি শিক্ষা অধিদপ্তর/চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এ প্রেরণ করবেন।

স্বাক্ষরিত/-০৫/০২/২০০৩

(মোঃ গোলাম মোস্তফা)

সহকারী সচিব

ফোন : ৮৬১২৪৮৩